



## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)

৮ রাজউক এডিনিউ, মতিঝিল, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

স্মারক নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০২.২০.১০২০

তারিখ: ১৯.১১.২০২০

### নিয়োগ বিজ্ঞপ্তি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর জন্য নিয়োক্ত শর্তাবলী সাপেক্ষে ০১ (এক) জন খন্ডকালীন পুরুষ চিকিৎসক নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	মেডিক্যাল রিটেইনার	সর্বোচ্চ ৬০ বছর	ক) চিকিৎসা কাজে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক স্বীকৃত মেডিক্যাল কলেজ হতে ন্যূনতম এমবিবিএস ডিগ্রীধারী হতে হবে। মেডিসিন বিষয়ে এফসিপিএস/এমআরসিপি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে; খ) বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদ থাকতে হবে।

#### শর্তসমূহ:

০১)	ক. মাসিক রিটেইনার ফি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে; খ. সপ্তাহের প্রতি কার্যদিবসে প্রতিদিন দুপুর ০২:০০ ঘটিকা হতে বিকাল ০৬:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত কার্যালয়ে উপস্থিত থেকে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকবার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না; গ. প্রয়োজন হলে কর্মচারীবৃন্দ এবং তাঁদের পরিবারের সদস্যগণ চিকিৎসার জন্য মেডিক্যাল রিটেইনার এর ব্যক্তিগত চেম্বারে শরণাপন্ন হলে চিকিৎসাপত্র প্রদান করবেন; ঘ. নিয়োগের মেয়াদ ০১ (এক) বছর যা শেষ হবার পর নবায়নযোগ্য; এবং ঙ. রিটেইনারশীপ উভয়পক্ষের ০১ (এক) মাসের নোটিশে বাতিল করা যাবে।
০২)	আগ্রহী প্রার্থীগণকে পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্রের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি, বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদসহ সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি এবং আনুষঙ্গিক কাগজপত্রসহ আবেদনপত্র আগামী ২০.১২.২০২০ তারিখের মধ্যে উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪), ৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০ বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।



(জাহাঙ্গীর হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ফোন: ৯৫৬৪০৬২

ই-মেইল: agm\_hr@icb.gov.bd